# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৫৭৫

৬. সদাচারণ ও ন্যায়নিষ্ঠতা সংশ্লিষ্ট কিতাব (كِتَابُ الْبِرِّ وَالْإِحْسَانِ)

পরিচ্ছেদঃ যে ব্যক্তি তার কোন মুসলিম ভাইকে দেখতে যায়, তার জন্য আল্লাহর ভালবাসা অবধারিত হওয়া প্রসঙ্গে

ذكر إيحاب مَحَبَّةِ اللَّهِ جَلَّ وَعَلَا الزَّائِرَ أَخَاهُ الْمُسْلِمَ فيه

---

আরবী

أَخْبَرَنَا الْحَسَنُ بْنُ سُفْيَانَ حَدَّثَنَا يَزِيدُ بْنُ صَالِحٍ الْيَشْكُرِيُّ حَدَّثَنَا حَمَّادُ بْنُ سَلَمَةَ عَنْ ثَابِتٍ عَنْ أَبِي رَافِعٍ عَنْ أَبِي هُرَيْرَةَ عَنِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عليه وسلم: (إن رَجُلًا زَارَ أَخًا لَهُ فِي قَرْيَةٍ أُخْرَى فَأَرْسَلَ اللَّهُ عَلَى مَدْرَجَتِهِ مَلَكًا فَلَمَّا أَتَى عَلَيْهِ قَالَ: أَيْنَ تُرِيدُ؟ قَالَ: أَزُورُ أَخًا لِي فِي هَذِهِ الْقَرْيَةِ فقَالَ: هَلْ لَهُ عَلَيْكَ مِنْ نِعْمَةٍ تَرُبُّهَا؟ قَالَ: لَا إِلَّا أَنِّي أُحِبُّهُ فِي اللَّهِ قَالَ: فَإِنِّي رَسُولُ اللَّهِ إِلَيْكَ إِنَّ اللَّهَ قَدْ أَحَبَّكَ كَمَا أحببته فيه.)

الراوي : أَبو هُرَيْرَةَ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 575 | خلاصة حكم المحدث: صحيح.

বাংলা

৫৭৫. আবু হুরাইরা রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম থেকে বর্ণনা করেন, তিনি বলেছেন: “এক ব্যক্তি তার এক ভাইকে অন্য শহরে দেখতে যায়। রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন: “আল্লাহ সেই ব্যক্তির রাস্তায় একজন ফেরেস্তা পাঠান। যখন সেই ব্যক্তি ফেরেস্তার কাছে আসেন, তখন ফেরেস্তা তাকে বলেন: “আপনি কোথায় যাচ্ছেন?” তিনি জবাবে বলেন: “এই শহরে আমার একজন ভাই আছেন, আমি তাকে দেখতে যাচ্ছি।” ফেরেস্তা বলেন: “আপনার উপর তার এমন কোন অনুগ্রহ আছে কি, যার প্রতিবদলা দেওয়ার জন্য আপনি যাচ্ছেন?” তিনি বলেন: “জ্বী, না। আমি তাকে আল্লাহর জন্য ভালবাসি।” তখন ফেরেস্তা বলেন: “আমি আল্লাহর পক্ষ থেকে প্রেরিত হয়েছি এই বার্তা দেওয়ার জন্য যে, নিশ্চয়ই আল্লাহ আপনাকে ভালবাসেন, যেভাবে আপনি তাঁর জন্য ঐ ব্যক্তিকে ভালবাসেন।”[1]

ফুটনোট

[1] সহীহ মুসলিম: ২৫৬৭; মুসনাদ আহমাদ: ২/২৯২; আদাবুল মুফরাদ: ৩৫০; বাগাবী, শারহুস সুন্নাহ: ৩৪৬৫।

হাদীসটিকে আল্লামা শু'আইব আল আরনাউত রহিমাহুল্লাহ সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আস সহীহাহ: ১০৪৪।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি ▯ বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=89042

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন